# হাসপাতালে অসুস্থ জামায়াত আমিরকে দেখতে যাচ্ছেন মির্জা ফখরুল ইসলাম



সংগৃহীত ছবি

আজ শুক্রবার (১৯ জুলাই) রাজধানীর ধানমন্ডি ইবনে সিনা হাসপাতালে ভর্তি রয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বিকেলে জাতীয় সমাবেশে বক্তব্য দেওয়ার সময় তিনি হঠাৎ অসুস্থ হয়ে মঞ্চেই পড়ে যান। অতিরিক্ত গরম ও রোদে হিটস্ট্রোকজনিত কারণে তিনি বারবার অজ্ঞান হয়ে পড়েন।

জামায়তের আমিরকে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর তাকে দেখতে যাবেন বলে জানিয়েছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান। ইতোমধ্যে ফখরুল আমিরের শারীরিক অবস্থার খোঁজখবর নিয়েছেন এবং সরাসরি হাসপাতালে গিয়ে দেখতে চান বলে জানান।

রাজনৈতিক ভিন্নতা ভুলে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানকে হাসপাতালে দেখতে যাচ্ছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ ১৯ জুলাই ঢাকার ইবনে সিনা হাসপাতালে চিকিৎসাধীন জামায়াত আমিরকে দেখতে তার এই সফর মানবিক দৃষ্টান্ত হিসেবে প্রশংসা কুড়াচ্ছে।

LENS ASIA